



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ৭২/২১

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ
০৭ জুন ২০২১ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: এন্টি টেররিজম ইউনিট কর্তৃক “আনসার আল ইসলাম” এর ০১ জন সক্রিয় সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি দল ০৬ জুন ২০২১ তারিখ ১৯.১৫ ঘটিকায় অভিযান পরিচালনা করে ঢাকা মহানগরীর দক্ষিণ বাড্ডার আলাতুন নেছা স্কুল রোডে “হাফিজ শফিউল্লাহ জেনারেল স্টোর” থেকে নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন “আনসার আল ইসলাম” এর ০১ জন সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত আসামী মো: সোহেল @ শফিউল্লাহ (২৫), পিতা- বেলাল পাটুয়ারি, মাতা-রেহেনা বেগম, গ্রাম- সাখিয়ালি, থানা- ফরিদগঞ্জ, জেলা- চাঁদপুর। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট আসামী মো: সোহেল @ শফিউল্লাহ এর নিকট থেকে তার ব্যবহৃত ০৪ টি মোবাইল ফোন, বেশ কিছু উগ্রবাদী মতাদর্শের বই ও ০৪ টি হাতে লেখা ডায়েরী জব্দ করেছে।

গ্রেফতারকৃত আসামী মো: সোহেল @ শফিউল্লাহ “আনসার আল ইসলাম” এর সক্রিয় সদস্য। ধৃত আসামী দীর্ঘদিন ধরে অনলাইন মিডিয়া ও সাইবার স্পেস ব্যবহার করে বাংলাদেশের নিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্ন করার উদ্দেশ্যে বিভিন্ন উগ্রবাদী প্রচার প্রচারণা চালিয়ে আসছিল। আসামী ব্যবসার আড়ালে উগ্রবাদী প্রচার প্রচারণায় সক্রিয় থেকে দেশে-বিদেশে অবস্থানরত “আনসার আল ইসলাম” এর সদস্যদের সাথে এনক্রিপ্টেড গ্রুপে যোগাযোগ রক্ষণ, জঙ্গিবাদী কার্যক্রম পরিচালনা ও জঙ্গিবাদে উদ্বুদ্ধ করে জিহাদের জন্য প্রশিক্ষণের আহ্বান করে আসছিল। এছাড়া গ্রেফতারকৃত আসামী “আনসার আল ইসলাম” এর নতুন সদস্য সংগ্রহ ও সহযোগীদের নিকট “আনসার আল ইসলাম” এর সাংগঠনিক খবরাখবর ও বিভিন্ন উগ্রবাদী মতাদর্শের বই আদান-প্রদান করতো।

ধৃত আসামী নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন “আনসার আল ইসলাম” সমর্থন, অপরাধ সংঘটনের ষড়যন্ত্র, অফলাইন এবং অনলাইনে উগ্রবাদী প্রচার প্রচারণা করায় তাকে বাড্ডা থানার মামলা নং-১৯, তারিখ-০৬/০৬/২০২১ খ্রি:, সন্ত্রাসবিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩) এর ৮/৯(৩)/১৩ ধারায় দায়ের করা হয়েছে।


০৭/০৬/২০২১

(ওয়াহিদা পারভীন)
সহকারী পুলিশ সুপার
(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)
এন্টি টেররিজম ইউনিট,
বাংলাদেশ পুলিশ, ঢাকা।